



‘সমানো মন্ত্র: সমিতি: সমানী’

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Major 1st Semester Examination, 2023

UBNGMAJ11001-BENGALI

বাংলা সাহিত্যের ইতিহাস [প্রাচীন ও মধ্যযুগ : সংক্ষিপ্ত পরিচয়]

Time Allotted: 2 Hours 30 Minutes

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

- ১। নিম্নলিখিত যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাওঃ ২×৬ = ১২
- (ক) কবি কৃত্তিবাস ওঝা কোথায় জন্মগ্রহণ করেন? তাঁর বই-এর নাম কী?
- (খ) বৃন্দাবন দাসের চৈতন্যজীবনী কাব্যটির নাম লেখো। কাব্যটি ক’টি খণ্ডে বিভক্ত?
- (গ) বাংলা সাহিত্যের ইতিহাসকে ক’টি যুগে ভাগ করা যায়? মধ্যযুগের সময়সীমা নির্দেশ করো।
- (ঘ) পূর্ববঙ্গের বিখ্যাত একজন মনসামঙ্গল কাব্যের কবির নাম লেখো। তাঁর কাব্যের নাম কী?
- (ঙ) চৈতন্য-পূর্ব যুগের দু’জন বৈষ্ণব কবির নাম লেখো।
- (চ) আরাকান রাজসভার দু’জন কবির নাম লেখো। উভয় কবির একটি করে কাব্যের নাম লেখো।
- (ছ) মালাধর বসু কোন কাব্যের অনুবাদ করেছিলেন? তাঁর কাব্যের নাম কী?
- (জ) ভারতচন্দ্রের উপাধি কী ছিল? তিনি কোন রাজসভার কবি ছিলেন?
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) চর্যাপদ কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? তিনি এই পুথিটির কী নামকরণ করেন?
- (খ) বিজয় গুপ্তর মনসামঙ্গল কাব্যটি কোন সময়ের রচনা বলে সিদ্ধান্ত করা যায়? তাঁর কালজ্ঞাপক শ্লোকটি উল্লেখ করো।
- (গ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে ক’টি খণ্ড আছে? খণ্ডগুলির নাম লেখো।
- (ঘ) কবীন্দ্র পরমেশ্বর কোন কাব্য অনুবাদ করেছিলেন? তাঁর কাব্যটি অন্য কী নামে পরিচিত? এই নামকরণের কারণ কী?
- (ঙ) বিদ্যাপতি কোন অঞ্চলের কবি ছিলেন? তিনি কোন ভাষায় বৈষ্ণব পদগুলি রচনা করেন? কোন কোন পর্যায়ের তিনি শ্রেষ্ঠ পদকর্তা ছিলেন?
- (চ) ‘সুভাষিতরঙ্গকোষ’ কোন সময়ে সংকলিত হয়? অন্য কোন নামে এটি পরিচিত? এখানে ক’জন কবির, ক’টি শ্লোক সংকলিত হয়েছে?
- ৩। নিম্নলিখিত যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাওঃ ৬×২ = ১২
- (ক) টীকা লেখোঃ সদুক্তিকর্ণামৃত
- (খ) উত্তরবঙ্গের একজন মনসামঙ্গল কাব্যের কবি সম্পর্কে লেখো।
- (গ) শ্রীকর নন্দীর মহাভারত অনুবাদের বিশিষ্টতা বুঝিয়ে দাও।
- (ঘ) আরাকান রাজসভার কবি দৌলত কাজীর কাব্য সম্পর্কে আলোচনা করো।
- ৪। নিম্নলিখিত যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) বাংলা সাহিত্যে চর্যাপদের ঐতিহাসিক গুরুত্ব বুঝিয়ে দাও।
- (খ) ‘আগমনী’ ও ‘বিজয়া’র পদগুলিতে শাক্ত কবিগণ মা ও মেয়ের হৃদয়ের বেদনাকে যেভাবে ফুটিয়ে তুলেছেন তা আলোচনা করো।
- (গ) মহাভারত অনুবাদে কাশীরাম দাসের কৃতিত্বের পরিচয় দাও।
- (ঘ) বৈষ্ণব পদ রচনায় চণ্ডীদাসের কৃতিত্ব আলোচনা করো।

—x—